যুগান্তর

তারিখ ... 25 APR 2017 ...
পৃষ্ঠা 20 ... কলাম ... 1 ...

# এসএসসি ও সমমান পরীক্ষার ফল ৪ মে

**যুগান্তর রিপোর্ট**

এবারের এসএসসি ও সমমানের পরীক্ষার ফল ৪ মে প্রকাশ করা হবে। ওই দিন সকালে প্রধানমন্ত্রী শেখ হাসিনার হাতে ফলাফলের সারসংক্ষেপ তুলে দেবেন শিক্ষামন্ত্রী নুরুল ইসলাম নাহিদ। পরে দুপুরে সংবাদ সম্মেলনে ফল প্রকাশের আনুষ্ঠানিক ঘোষণা দেয়া হবে। বেলা ২টা থেকে শিক্ষার্থীরা শিক্ষা প্রতিষ্ঠান, অনলাইন এবং এসএমএসের মাধ্যমে ফল জানতে পারবে। এসএসসিসহ পাবলিক

পৃষ্ঠা ১৫ : কলাম ১

## এসএসসি ও সমমান পরীক্ষার ফল ৪ মে

(শেষ পৃষ্ঠার পর)

পরীক্ষার ফলাফলের সারসংক্ষেপ প্রধানমন্ত্রীর কাছে হস্তান্তরের রেওয়াজ আছে। সে অনুযায়ী ফল প্রকাশের ব্যাপারে কয়েক দিন আগে প্রধানমন্ত্রীর কার্যালয়ে সারসংক্ষেপ পাঠানো হয়। ফল প্রকাশের দিনক্ষণের বিষয়টি অনুমোদন করেছেন প্রধানমন্ত্রী। মন্ত্রণালয়ের একাধিক অতিরিক্ত সচিব এ তথ্য নিশ্চিত করেছেন।

এবার সারা দেশে ১৭ লাখ ৮৬ হাজার ৬১৩ জন পরীক্ষার্থী ছিল। ২ ফেব্রুয়ারি এ পরীক্ষা শুরু হয়ে ২ মার্চ শেষ হয়। ব্যবহারিক পরীক্ষা ৪ মার্চ শুরু হয়ে ১১ মার্চ পর্যন্ত চলে। পরীক্ষা শেষের ৬০ দিনের মধ্যে পাবলিক পরীক্ষার ফল প্রকাশ করে আসছে বর্তমান সরকার। ব্যবহারিক পরীক্ষার সময় বাদ দিলে ২ মে নির্ধারিত ৬০ দিন পূর্ণ হবে। তবে ব্যবহারিকসহ ১১ মে সময় পূর্ণ হয়।

ব্যানবেইস
পরিচালকের কার্যালয়
প্রাপ্তি নং....................
তারিখ....................

| | |
|---|---|
| চীফ, পরিসংখ্যান বিভাগ | |
| চীফ, ডি.এল.পি বিভাগ | |
| সিস্টেম এনালিষ্ট | |
| সিস্টেম ম্যানেজার | |
| প্রশাসনিক কর্মকর্তা | |
| পি.এ. | |

কার্যার্থে/জ্ঞাতার্থে

স্বাক্ষর